দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL 2017
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১

# ঢাবির ২৮তম উপাচার্য নির্বাচনে তিন সদস্যের প্যানেল

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** মামলা-হামলা, শিক্ষক-শিক্ষার্থীদের হাতাহাতি এবং শিক্ষকদের একাংশের বর্জনের মধ্য দিয়ে অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮তম উপাচার্য নির্বাচনের জন্য তিন সদস্যের একটি প্যানেল ঘোষণা করা হয়েছে। সিনেট অধিবেশনে উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে মনোনীত এই প্যানেলে রয়েছেন- গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ও বর্তমান উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ইন্টারন্যাশনাল বিজনেস স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন, থিওরিটিক্যাল এ্যান্ড কম্পিউটেশনাল কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক ড. মোঃ আব্দুল আজিজ।

শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে

(২ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## ঢাবির ২৮তম

(প্রথম পৃষ্ঠার পর)

বিশেষ সিনেট অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর আর্টিক্যাল ১১ (১) ধারা অনুযায়ী মহামান্য চ্যান্সেলর কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগের জন্য সর্বসম্মতিক্রমে ৩ জনের এই প্যানেল মনোনয়ন করা হয়। অধিবেশনে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর আর্টিক্যাল ২১(২) ধারায় অর্পিত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এই বিশেষ অধিবেশন আহ্বান করেন।

১০৫ সিনেট সদস্যের মধ্যে ৪৭ জন সিনেট সদস্য অধিবেশনে উপস্থিত ছিলেন। তাদের সম্মতিক্রমে এই প্যানেল নির্বাচিত হয়। মনোনীত এই তিনজনের নাম যাবে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে। তার মধ্য থেকে একজনকে উপাচার্য পদে নিয়োগ দেবেন তিনি।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, দুজন উপ-